

রাজধানীর অর্ধ সহস্র কিণ্ডারগার্টেনের বহান

১ নাজীম উদ্দিন মোস্তান।
৪৮০ কিণ্ডার গার্টেনের শহর
টাকার নতুন শিক্ষাবর্ষে আরও
কিছু আধুনিক শিশু শিক্ষালয়
খুলিয়াছে। ইহার মধ্যে অপেক্ষা-
কৃত বনেদীগুলির শিক্ষামান ও
আয়োজন না-বদলাইলেও ভতি
ফী, বাবিক চার্জ এবং 'মাহিনা'
বাড়িতে বাড়িতে এমন পর্যায়ে
পৌঁছিয়াছে যে, অভিভাবককুল
এক্ষণে ইহাকে দুর্বহ না ভাবিয়া
পারিতেছেন না।
গত মঙ্গলবার হইতে পর পর
দুইদিন রাজধানীর এক অভিজাত
বসতি এলাকায় একটি কিণ্ডার

গার্টেনের সামনে কুল অভি-
ভাবকরা সম্মিলিতভাবে কিছু
করার চেষ্টায় পরস্পরের সহিত
যোগাযোগ প্রতিষ্ঠার জন্ম যে
প্রশ্নপত্র বিলি করেন উহার
প্রস্তাবনী নিম্নরূপ : (৪র্থ পৃঃ পৃঃ)

রাজধানীর অর্ধ সহস্র কিণ্ডারগার্টেনের হাল

(১ম পৃঃ পর)

আপনি কি মনে করেন,
এ কুলের ফী আর চার্জ গুলি
মাত্রাতিরিক্ত? কুল সম্পর্কে আপ-
নার আর কী কী অভিযোগ
আছে? এ কুলের উপর অভি-
ভাবকের চোখ রাখিবার ব্যাপারে
কোন মন্তব্য গঠিত হইলে তাহাতে
যোগ দিবেন কি?

অনুসন্ধান করিয়া জানা গিয়াছে
এ কুলটিতে প্রথম শ্রেণীর মাহিনা
ছাত্রপিতৃ ২ বৎসরের ব্যবধানে
২০০ হইতে দুই ঘণ্টা বাড়িয়া
এখন সাড়ে ৩ শত টাকার এবং
বাবিক চার্জ মাথাপিছু ২০০
টাকা হইতে বাড়িয়া ৫ শত
টাকায় পৌছিয়াছে।

শান্তিনগরে আরেকটি অভি-
সাধারণ কিণ্ডারগার্টেনে বাবিক
চার্জ ৫০০ টাকা এবং মাসিক ফী
১০০ টাকার উপনীত হওয়ার
অভিভাবকরা একইভাবে অভি-
যোগ উত্থারণ করিয়া ফিরিতে-
ছেন।

রাজধানীর কিণ্ডারগার্টেন-
সমূহে নমুনা জরিপে পাওয়া
তথ্য দেখা গিয়াছে, গত তিন
বৎসরে ফী ও চার্জ কমপক্ষে
৫০ ভাগ হইতে ১৫০ ভাগ পর্যন্ত
বাড়িয়াছে।

সাময়িক শাসন জারি হওয়ার
পর পরিচালিত এক তদন্ত শেবে
৩৬৩৮৮ টাকার ৪৮৭টি
কিণ্ডার গার্টেনের সন্ধান পায়।
তদন্তে বলা হইয়াছিল, দশবিশিষ্ট
কিণ্ডার গার্টেনের কথা বাদ দিলে
নগরজোড়া। কিণ্ডার গার্টেনের
ছাত্রক আসলে আধুনিক শিক্ষার
নামে মামুলি শিক্ষার ব্যবসায়ের
বেসাহিত্য।

উক্ত রিপোর্টে যে কয়েক ভাল-
কুলের প্রতি ইঙ্গিত দেওয়া হইয়া-
ছিল উহারই একটির সামনে
অভিভাবকদের কুল পদচারণা
লক্ষ্য করা গিয়াছে।
টাকার অনেক কিণ্ডার গার্টেন
পরিবার-পরিজনের খউভোগ

কর্মসংস্থান প্রকল্পের রূপ-ধারণ
করায় সেখানে ব্যবতীয় মানের
ও গুণপনার শিকক-শিক্করিত্বের
সমাবেশ ঘটতেছে। উহারের
ফী-ও শিক্ষামানের সহিত সঙ্গতি-
পূর্ণ নয়, বরং উচ্চোক্তার আর-
উপার্জনের বাবিক লক্ষ্যমাত্রারই
পরিপূরক।

শতিনেক ছাত্র-ছাত্রীর একটি
মোটামুটি ভাল কুলে ফী বাবদ
বাবিক দশলক্ষ এবং বাবিক এক-
কালীন চার্জ বাবদ লক্ষাধিক
টাকা আদায় হয়। বাবিক চার্জের
অঙ্কে বাড়ী ভাড়া সহ ব্যবতীয়
বিদ্যুৎ-পানি চার্জ সংকুলানের
কথা। শিক্করিত্বের মাহিনাও
আহামরি কিছু নহে। মাসে ৩০
হাজার টাকার মত। বাবদবাকী
অর্থের হিসাব অভিভাবকরা দাবী
করেন না। কিন্তু তদানুপাতিক
শিক্কিত ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ক
মন্তব্যী। ক্রাসের পরিসর, খেলা-
গুলার পরিসর না দেখিয়া বাধিত
হন।

একজন অভিভাবক জানান,
টাকা বহরে মাথাপিছু ওয়াসার
পানি চার্জ বৎসরে ৮ টাকার
কেনী নহে। চারটি কক্ষে পাখা
ঘুরিলে, বাতি জলিলে বৎসরে
মাথাপিছু বিদ্যুৎ চার্জও দুই
অঙ্কের ঘরে থাকিতে বাধ্য।
ইহার জন্ম বাবিক চার্জ তিন-
শত হইতে পাঁচশত টাকা
আদায় করার যুক্তি অভিভাবকরা
খুঁজিয়া পান না।

এসব শিক্করিত্বের উচ্চো-
ক্তারা অনেকই সেপথো থাকেন।
শিক্ক প্রাতিষ্ঠান প্রধান হিসাবে
মাহাদের দেখা যায় তাহারা
আধিক নীতি নির্ধারণ অনেক
ক্ষেত্রেই করেন না। কয়েকটি
ক্ষেত্রে প্রশ্ন করিলে তাহারা
বলেন, 'নানাবিধ' খরচ কুলাইয়া
উঠা মুশকিল বলিয়াই ফী বাড়ি-
তেছে। ফী-এর সহিত আরো-
জন ও মান বাড়িতেছে না কেন? -
এ প্রশ্নের জবাবে বলা হয়,
চেষ্টার কট করা হইতেছে না।